যে ব্যক্তি সূর্য উদয়ের পূর্বে ফজরের সালাতের এক রাকা‘আত সালাত পেল, সে ফজর পেল। আর যে ব্যক্তি সূর্য ডোবার পূর্বে আসরের সালাতের এক রাকা‘আত পেল সে আসর পেল।

আবূ হুরায়রা —রাদিয়াল্লাহু আনহু— থেকে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি সূর্য উদয়ের পূর্বে ফজরের সালাতের এক রাকা‘আত সালাত পেল, সে ফজর পেল। আর যে ব্যক্তি সূর্য ডোবার পূর্বে আসরের সালাতের এক রাকা‘আত পেল সে আসর পেল”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজর ও আসরের সালাতের শেষ সময় উম্মাতের জন্য বর্ণনা করেন। তিনি জানান, যে ব্যক্তি এক রাকা‘আত পেল, অর্থাৎ যে ফজরের সালাত পড়ল ও সূর্য উঠার আগে রুকু থেকে মাথা তুলল, এ দ্বারা সে এক রাকা‘আত ওয়াক্তের মধ্যে পাওয়ার কারণে ফজরের সালাতের আদায়কারী হিসেবে পেলো। অনুরূপভাবে যে ব্যক্তি আসরের সালাতের এক রাকা‘আত সূর্য্য ডোবার আগে পড়বে তাহলে এক রাকা‘আত সে ওয়াক্তের মধ্যে পাওয়ার কারণে আসরের সালাত আদায়কারী হিসেবে পেল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10602